৭৪

তারিখ 16 JAN 1996
পৃষ্ঠা ৮ কলাম ৭

দৈনিক বাংলা

# ভুল প্রশ্নপত্র ঃ এডওয়ার্ড কলেজে শিল্প রসায়ন পরীক্ষা হয়নি

নিজস্ব প্রতিনিধি ঃ পাবনা, ১৫ জানুয়ারী।–রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক ভুল প্রশ্নপত্র সরবরাহের ফলে গতকাল পাবনা সরকারী এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্রছাত্রীরা বিএসসি (সম্মান) পার্ট–৩–এর রসায়ন পরীক্ষা দিতে পারেনি। রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত কোর্স নং ৩৪১ শিল্প রসায়নের পরিবর্তে কোর্স নং ৩১৪ প্রাথমিক প্রাণ ভৌত রসায়ন প্রশ্নপত্র পরীক্ষার হলে বিতরণ করা হয়। প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষার্থীরা সঙ্গে সঙ্গে কলেজ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে এবং কোর্স নং ৩৪১ শিল্প রসায়ন প্রশ্নপত্রের দাবী জানায়। কিন্তু অন্যকোন প্রশ্নপত্রের সেট কলেজ কর্তৃপক্ষের কাছে নেই বলে পরীক্ষার হলে জানানো হয়। ফলে পরীক্ষার্থীরা পরীক্ষা না দিয়েই হল ত্যাগ করতে বাধ্য হয়। কলেজের অধ্যক্ষ জানান, রসায়নের পরিবর্তে প্রাথমিক প্রাণ ভৌত রসায়ন (ঐচ্ছিক)-এর প্রশ্ন প্রদানের ফলে একদিকে যেমন শিল্প রসায়ন পরীক্ষা থেকে ছাত্রছাত্রীরা বঞ্চিত হলো অপরদিকে পরীক্ষার আগেই প্রাথমিক প্রাণ ভৌত রসায়নের প্রশ্নপত্র ফাঁস হয়ে গেল।